

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-৯/২০১৬-৩৮১

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ ১৪২৩
২৪ মে ২০১৬

আদেশ

যেহেতু, জনাব মোঃ মজনুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর, নওগাঁ-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে গত ২৭ মার্চ, ২০১৬ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-০৯/২০১৬-৩৪৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনার পরিপ্রেক্ষিতে এবং এ ধরনের ভুলের জন্য ক্ষমা চেয়ে ভবিষ্যতে আর ভুল সংঘটিত হবে না মর্মে তিনি লিখিত অঙ্গীকার করায় তাকে ১ (এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের বেতন বৃদ্ধি) ১ বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে সেহেতু, তাকে (জনাব মোঃ মজনুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর, নওগাঁ) সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ১ (এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট (পরবর্তী ধাপের ১টি বেতন বৃদ্ধি) ১ বছরের জন্য স্থগিত করা হ'ল। উল্লেখ্য যে, তিনি ভবিষ্যতে স্থগিত বেতন বৃদ্ধির কোন অংশ বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

স্বাক্ষরিত/-

২৪/৫/২০১৬

(মোঃ হুমায়ুন খালিদ)


সচিব

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-২১/২০১৫-৩৮১

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ ১৪২৩
২৪ মে ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নওগাঁ।
- ৭। জনাব মোঃ মজনুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর, নওগাঁ
- ৮। অফিস কপি।


(তানভীর আহমেদ)
উপ-সচিব
ফোন-৯৫৭৬৬৯১